



পারমাণবিক গবেষণা চুল্লীর উদ্বোধন
রূপপুর আণবিক শক্তি
প্রকল্প বাস্তবায়নে
পদক্ষেপ নেয়া হয়েছে
—রাষ্ট্রপতি

সাভার, ১১ই জানুয়ারী (বাসস)।—রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজ এখানে বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের (বিএইসি) প্রথম পারমাণবিক গবেষণা চুল্লীর উদ্বোধনকালে রূপপুর আণবিক শক্তি প্রকল্প বাস্তবায়নে তার সরকারের দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করেন।

রাষ্ট্রপতি বলেন, এ ব্যাপারে

ইতিমধ্যেই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে, বহু দেশগুলো এই প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশকে আর্থিক ও কারিগরি সহায়তা দিতে এগিয়ে আসবে।

রাষ্ট্রপতি এরশাদ বলেন, আমরা কথায় নয়, কাজে বিশ্বাস করি। এই মহান সমাবেশে আমি হাথহীনভাবে ঘোষণা করতে চাই যে, যমুনা সেতুর মত আমার সরকার রূপপুর আণবিক শক্তি প্রকল্প বাস্তবায়নে বহু পরিকর।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন জালালি ও খনিজ সম্পদমন্ত্রী আনোয়ার হোসেন, জালালি সচিব শফিউল আজম, বিএইসি'র চেয়ারম্যান ডঃ আনোয়ার হোসেন এবং বিএইসি'র সদস্য ডঃ এম. এ. মাসুদ।

অন্যান্যদের মধ্যে মন্ত্রীসভা কটনীতিকগণ, উর্দূতন বেগাম-রিক ও সামরিক কর্মকর্তাগণ, বিজ্ঞানীগণ এবং শ্রীলংকা, ভারত ও পাকিস্তানের পরমাণু বিজ্ঞানীগণ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত